# দেশের অর্থনৈতিক অগ্রগতিই প্রধান লক্ষ্য: আমীর খসরু



আমীর খসরু মাহমুদ। ছবি: সংগৃহীত

কথার চেয়ে কাজে মনোযোগ দিতে চান বলে জানিয়েছেন অর্থ ও পরিকল্পনামন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী। দায়িত্ব নেওয়ার পরপরই অযথা মন্তব্যে না গিয়ে আগে কাজ শুরু করার কথাই গুরুত্ব পাচ্ছে বলে তিনি জানান।

রোববার (২২ ফেব্রুয়ারি) দুপুরে আগারগাঁওয়ের পরিকল্পনা কমিশনে কর্মকর্তাদের সঙ্গে বৈঠকের আগে তিনি বলেন, দায়িত্ব নেওয়ার মাত্র দুদিন হয়েছে। এখনই বড় কোনো বক্তব্য দেওয়ার সময় নয়। আগে মন্ত্রণালয়ের সার্বিক অবস্থা পর্যালোচনা করবেন, এরপর প্রয়োজনীয় বিষয়ে কথা বলবেন।

নিজ দপ্তরে কতদিন সক্রিয় থাকবেন এ প্রশ্নে তিনি স্পষ্ট করে কিছু বলেননি। জানান, কাজের চাপ ও পরিস্থিতির ওপরই তা নির্ভর করবে। তবে সাংবাদিকদের উদ্দেশে তিনি বলেন, সময়মতো প্রয়োজনীয় তথ্য জানানো হবে।

মন্ত্রী আরও উল্লেখ করেন, দেশের অর্থনৈতিক অগ্রগতিই তার প্রধান অগ্রাধিকার।

LENS ASIA